

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.১৩০০.০৪২.১৪.০১৯.১৭.২৬৪

২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প গ্রহণে মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ মেজর (অবঃ) রফিকুল ইসলাম বীর উত্তম, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-৫ এর ডি.ও পত্র, তারিখঃ ২৮/৩/২০১৮।

চাঁদপুর জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে ৪,৭০,০০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থে ২৬০ টি প্রকল্প গ্রহণ করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য চাঁদপুর জেলা পরিষদ হতে পত্র প্রেরণ করা হয়। মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ নিয়ে প্রকল্পসমূহ গ্রহণ করা হয়েছে মর্মে জেলা পরিষদের পত্রে উল্লেখ ছিল। কিন্তু চাঁদপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দের প্রকল্প গ্রহণে মেজর (অবঃ) রফিকুল ইসলাম বীর উত্তম, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-৫ এর পরামর্শ গ্রহণ করা হয়নি মর্মে তিনি এ বিভাগে ডি.ও পত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, চাঁদপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে অনুকূলে এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প গ্রহণে মেজর (অবঃ) রফিকুল ইসলাম বীর উত্তম, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-৫ এর পরামর্শ গ্রহণ না করার বিষয়ে মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J.M.
০৫ জুন ২০১৮
(ড. জুলিয়া মঙ্গল)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর উত্তম

সংসদ-সদস্য, ২৬৪ চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি)

সভাপতি, 'নৌ-পরিবহন মন্ত্রণালয়' সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

স্থানীয় সরকার বিভাগ

সচিবের দপ্তর

জনাব খন্দকার মোশাররফ হোসেন
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
৪) সমবায় মন্ত্রণালয়
৫) আইন
৬) প্রশাসন
৭) উন্নয়ন
৮) নগর উন্নয়ন
৯) পাস
১০) আইন

ফাইল নং গভঃ-১
চিঠি- ১০৫
২৮ মার্চ, ২০১৮খ্রি.

বিষয় : জেলা পরিষদসমূহের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে মাননীয় সংসদ-সদস্যগণের পরামর্শ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের, জেলা পরিষদ অধিশাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.২০.০০২.১৭-৩৩৪,
তারিখ: ০৪ মার্চ, ২০১৮খ্রিস্টাব্দ

মাননীয় মন্ত্রী,

চাঁদপুর জেলার হাজীগঞ্জ ও শাহরাস্তি উপজেলা নিয়ে আমার নির্বাচনী এলাকা ২৬৪-চাঁদপুর-৫।

সূত্রে উল্লিখিত পত্রে বলা আছে- "জেলা পরিষদ আইন, ২০০০' এর ৩০ ধারা অনুযায়ী মাননীয় সংসদ সদস্যের পরামর্শক্রমে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় প্রকল্প নির্বাচনে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যের পরামর্শ নিয়ে প্রকল্প তালিকা চূড়ান্ত করতে হবে।" কিন্তু চাঁদপুর জেলা পরিষদের কোনো বৈঠকে আমাকে আমন্ত্রণ জানানো হয়নি। আমার নির্বাচনী এলাকা হাজীগঞ্জ ও শাহরাস্তি উপজেলার সকল প্রকল্প তালিকা আমার পরামর্শ ব্যতিরেকে প্রেরণ করা হয়েছে। এটা সরকারি আইনের লংঘন এবং এর তদন্ত প্রয়োজন।

বর্তমান জেলা পরিষদ কার্যভার গ্রহণের দিন থেকে আজ পর্যন্ত চাঁদপুর জেলা পরিষদ থেকে আমার নির্বাচনী এলাকায় যে বরাদ্দ দেয়া হয়েছে, তাঁর পুরা তালিকা এবং সে কাজের অডিট-এর নির্দেশনা দেয়ার জন্য অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে

আপনার একান্ত-

R/Islam

মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর উত্তম

স্বাক্ষর

স্থানীয় সরকার বিভাগ/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

মন্ত্রীর একান্ত সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়

জার্মানী - ৫৯৮
তারিখ: ৫/০৪/১৮
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়
(অতিরিক্ত সচিব)

যুগ্ম সচিব প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর: তারিখ:
অতিরিক্ত সচিব (প্রশাসন)

প্রশাসন-১/২/জেপ/স ও কা
নং ২৬/৬৭ তারিখ ২০/৪/১৮

জেলা পরিষদ অধিশাখা

ড্রাইরী নং ২০

তারিখ ২৮/৪

যুগ্ম সচিব (প্রঃ)